

৭ম আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি

(৩ এর পাতার পর)

শুধু হওয়া এই মেলা গতকাল শেষ হয়েছে। মেলার উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথির বক্তব্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন এমপি বলেন, কৃষি নির্ভর বাংলাদেশের অর্থনীতির মূল চালিকা শক্তি হচ্ছে কৃষি। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা'র নেতৃত্বে ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়ে কৃষি ও ভাগ্যহত কৃষককুলের উন্নয়নে বাস্তবায়িত হচ্ছে বিভিন্ন কর্মসূচি। দেশের সংকটকালীন মুহূর্তে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি উন্নয়নে যে রূপরেখা প্রদান করেছিলেন পরবর্তীতে তা দেশের খাদ্য নিরাপত্তা ও স্বয়ংসম্পূর্ণতা অর্জনে সক্ষম হয়েছিল।

বিশেষ অতিথির বক্তব্যে বগুড়া-১ আসনের সংসদ সদস্য ও কৃষিবিদ আব্দুল মান্নান এমপি বলেন, “দেশকে এগিয়ে নিতে কৃষির আধুনিকায়ন অত্যন্ত প্রয়োজন। নতুন নতুন কৃষি প্রযুক্তি উদ্ভাবনের পাশাপাশি লাগসই প্রযুক্তি কৃষকের কাছে সহজলভ্য হতে হবে। ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের আধুনিক কৃষি প্রযুক্তি ব্যবহারে উদ্বুদ্ধ করতে হবে। বিশেষ অতিথি বগুড়া-৫ আসনের সংসদ সদস্য মো: হাবিবুর রহমান এমপি বলেন এই মেলা কৃষি উদ্যোক্তা ও কৃষি প্রযুক্তি ব্যবহারকারীদের কাছাকাছি নিয়ে আসবে। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব ড. প্রশান্ত কুমার রায়। “মেলার উদ্বোধনী অনুষ্ঠানে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া'র মহাপরিচালক (ভারপ্রাপ্ত) প্রকৌশলী এমএ মতিন। এ বছর'সহ আগামি ২০১৮ ও ২০১৯ সালেও অনুরূপ আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলা অনুষ্ঠিত হবে। খবর বিজ্ঞপ্তির।



রাজধানীতে বসুন্ধরা কনভেনশন সিটিতে ৭ম আন্তর্জাতিক কৃষি মেলায় সীল পরিদর্শন করেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন এমপি -করতোয়া

৭ম আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলা ঢাকা অনুষ্ঠিত

পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এবং বেসরকারী প্রতিষ্ঠান লিমরা ট্রেড ফেয়ার এন্ড এক্সিবিশন, প্রাইভেট লিঃ এর যৌথ উদ্যোগে “৭ম এথ্রোটেক বাংলাদেশ ২০১৭ শিরোনামে ৭ম আন্তর্জাতিক কৃষি প্রযুক্তি মেলা ২০১৭ ঢাকার বসুন্ধরা কনভেনশন সিটিতে অনুষ্ঠিত হয়।
১১ জানুয়ারি (৬ পৃঃ ৪ কঃ দ্রঃ)